# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 05-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিহারে প্রথম দফা বিধানসভা নির্বাচনে আগামীকাল ভোটগ্রহণ করা হবে। নির্বাচনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন।

২) ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ ও উদ্ভাবন সংক্রান্ত উচ্চ পর্যায়ের আলোচনায় অংশ নিতে শিল্প বাণিজ্য মন্ত্রী পীযূশ গোয়েল সেদেশে পৌঁছেছেন।

৩) বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, ভারত ও জাপানের মধ্যে অংশীদারিত্ব ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কৌশলগত স্থিতিশীলতা জোরদার করবে।

৪) ভারত ও ইজরায়েলের মধ্যে একটি কৌশলগত প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

৫) ভারতীয় বংশোদ্ভূত ডেমোক্র্যাট প্রার্থী জোহরান মামদানি মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের মেয়র নির্বাচিত হয়েছেন।

৬) নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৬ তম জন্মজয়ন্তী পালিত হচ্ছে।

---

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের জন্য ১৮ টি জেলার ১২১ টি আসনে আগামীকাল ভোট নেওয়া হবে। এজন্য সব প্রস্তুতি প্রায় সম্পূর্ণ। সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। সকাল সাতটা থেকে শুরু হয়ে ভোটগ্রহণ পর্ব চলবে সন্ধ্যে ৬ টা পর্যন্ত। যদিও নিরাপত্তার কথা বিবেচনা করে সিওরি বখতিয়ারপুর, মাহিসি, তারাপুর, মুঙ্গের, জামালপুরে বিকেল ৫ টা পর্যন্ত ভোট নেওয়া হবে। ৩ কোটি ৭৫ লক্ষের অধিক ভোটার আগামীকাল ১ হাজার ৩শো ১৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবে। এদের মধ্যে ১২২ জন মহিলা প্রার্থী। প্রীতি কিন্নর নামে একজন রূপান্তরকামী প্রার্থী গোপালগঞ্জ জেলার ভোরে আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

প্রথম দফার ভোট সুষ্ঠু ও নির্বিঘ্ন রাখতে নির্বাচন কমিশন ব্যাপক বন্দোবস্ত করেছে। এই প্রথমবার প্রতিটি আসনের জন্য একজন করে সাধারণ পর্যবেক্ষক মোতায়েন রাখা হবে। ভোট প্রক্রিয়ার নীবিড় নজরদারির জন্য সব ভোট কেন্দ্রেই থাকছে ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা। যেকোনরকম হিংসাত্মক ঘটনায় আপোষহীন নীতি গ্রহণ করার জন্য জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। থাকছে পর্যাপ্ত কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, প্রথম দফায় নীতিশকুমার নেতৃত্বাধীন সরকারের ১৬ জন মন্ত্রী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। এর মধ্যে ১১ জনই বিজেপি-র।

এদিকে, দ্বিতীয় দফায় আগামী ১১-ই নভেম্বর ২০-টি জেলার ১২২-টি আসনে ভোটগ্রহণ। এজন্য প্রচারাভিযান তুঙ্গে। ৭ কোটি ৪৩ লক্ষের বেশি ভোটারের জন্য ৯০ হাজার ৭১২-টি ভোট কেন্দ্র খোলা হয়েছে। গণনা ১৪-ই নভেম্বর।

------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনন-SIR এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ পশ্চিমবঙ্গ আসছেন। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি SB জোশি, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল  সহ কমিশনের এক প্রতিনিধি দল এই সফরকালে উত্তরবঙ্গের চার জেলা আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ  SIR কাজ পর্যালোচনা করবেন।

-----------------

উপরাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর সিপি রাধাকৃষ্ণণ প্রথমবারের মতো আজ ছত্তিশগড় সফর করবেন। সফরকালে তিনি রাজ্য গঠনের রজতজয়ন্তী উপলক্ষে রজতমহোৎসবে যোগ দেবেন। এছাড়াও নব রায়পুর এবং রাজনন্দগাঁও-এ বেশ কয়েকটি অনুষ্ঠানে অংশ নেবেন। রাজনন্দগাঁও-এ লাক্ষপতি দিদি সম্মেলনে উপস্থিত থাকবেন তিনি।

-----------------

সারা দেশ জুড়ে আজ ডিজিটাল লাইফ সার্টিফিকেট বা জীবন প্রমান শংসাপত্র প্রদানের জন্য একমাস ব্যাপী প্রচারাভিযান শুরু হচ্ছে।

কর্মীবর্গ, জন অভিযোগ এবং পেনশন দপ্তরের প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং আজ এই অভিযানের সূচনা করবেন।

সারা দেশে এই লক্ষ্যে দু হাজার ৫০০ টি শিবির খোলা হবে। ফেস অথেনটিকেশন টেকনোলজি ব্যবহার করে যাতে পেনসেনররা তাঁদের জীবন-প্রমান সার্টিফিকেট দিতে পারেন সেই লক্ষ্যেই এই অভিযান পরিচালিত হবে।

------------------

গ্রীন হাইড্রজেন বিষয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন আগামী ১১ ই নভেম্বর নতুন দিল্লীতে শুরু হবে। কেন্দ্রীয় পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রক দুদিনের এই সম্মেলনের আয়োজন করেছে। সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী এই সম্মেলনের উদ্বোধন করবেন। গ্রীন হাইড্রজেন উৎপাদন, পরিকাঠামো গড়ে তোলা এবং এই ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ে সম্মেলনে আলাপ আলোচনা হবে। নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি দপ্তরের সচিব সন্তোষ কুমার সারেঙ্গি গতকাল জানান, সুলভে পরিচ্ছন্ন শক্তি উৎপাদনের লক্ষ্যে ভারতের উদ্যোগের অঙ্গ হিসাবে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে।

------------------

ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ ও উদ্ভাবন সংক্রান্ত বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির জন্য উচ্চ পর্যায়ের আলোচনা আজ থেকে শুরু হবে। এই আলোচনায় অংশ নিতে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েল নিউজিল্যান্ড পৌঁছেছেন। তিনি দু'দেশের মধ্যে পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে একটি সার্বিক অর্থনৈতিক অংশীদারিত্বের ওপর জোর দেন। সফরকালে তিনি সেদেশের বাণিজ্যমন্ত্রী টড ম্যাকলের সঙ্গে অবাধ বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনায় অংশ নেবেন। এই আলোচনার চতুর্থ পর্যায়ে মত বিনিময় কর্মসূচী তেশরা নভেম্বর থেকে অকল্যান্ডে শুরু হয়েছে। চলবে ৭ তারিখ পর্যন্ত।

------------------

ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর বলেছেন, ভারত ও জাপানের মধ্যে অংশীদারিত্ব ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কৌশলগত স্থিতিশীলতা জোরদার করবে।

নতুন দিল্লিতে অষ্টম ভারত-জাপান ইন্দো-প্যাসিফিক ফোরামে ভাষণ দিয়ে ড. জয়শঙ্কর বলেন, গত কয়েক দশকে দু'দেশের মধ্যে সম্পর্ক গভীরতর হয়েছে। তিনি বলেন, দু'দেশের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে সরবরাহ শৃঙ্খল জোরদার করা এবং কৃত্রিম মেধা, সেমি-কন্ডাক্টার, দুর্লভ খনিজ, পরিচ্ছন্ন শক্তি ও মহাকাশ ক্ষেত্রে বিনিয়োগের ওপর জোর দিতে হবে।

তিনি মন্তব্য করেন, দুই সামুদ্রিক রাষ্ট্র ও গণতান্ত্রিক দেশ হিসেবে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্থিতিশীলতার ক্ষেত্রে এই দুই দেশের দায়িত্ব অনেক বেশি।

বাইট – জয়শঙ্কর

-----------------

ভারত ও ইসরায়েলের মধ্যে একটি কৌশলগত প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল তেল-আভিভে দু'দেশের মধ্যে সপ্তদশ যৌথ -কর্মীগোষ্ঠীর বৈঠকে এই চুক্তি স্বাক্ষরিত হয়।

ভারতের পক্ষে প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং এবং ইসরায়েলের পক্ষে সেদেশের প্রতিরক্ষা মন্ত্রকের মহানির্দেশক আমির বারাম এই চুক্তিতে স্বাক্ষর করেন। বৈঠকে উভয় দেশের মধ্যে সহযোগিতা জোরদার করার জন্য জোর দেওয়া হয়।

-----------------

ডেমোক্র্যাট দলের প্রার্থী জোহরান মামদানি মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক শহরের মেয়র নির্বাচিত হয়েছেন। ভারতীয় বংশোদ্ভূত মামদানি নির্দল প্রার্থী অ্যান্ড্রু কুয়োমোকে হারিয়ে দিয়েছেন।

তিনিই প্রথম নিউ ইয়র্ক শহরের কনিষ্ঠতম মেয়র হিসেবে নির্বাচিত হলেন। ২০২৬এর পয়লা জানুয়ারি থেকে তিনি কার্যভার গ্রহণ করবেন।

এদিকে নির্বাচনের আগে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প মামদানি কে কমিউনিস্ট প্রার্থী হিসেবে সোশ্যাল মিডিয়ায় মন্তব্য করেছেন। তিনি জয়লাভ করলে নিউ ইয়র্ক শহরকে কোনোরূপ ফেডেরাল ফান্ড দেওয়া হবে না বলে তিনি সাবধান করে দেন।

------------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারত আমেরিকা দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপারে সদর্থক ও আশাবাদী মনোভাব পোষণ করেন। হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলিন লিভিট গতকাল দুদেশের মধ্যে চুক্তি সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে এ কথা বলেন। ক্যারোলিন আরো বলেন, রাষ্ট্রপতি ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্পর্কে অত্যন্ত শ্রদ্ধাশীল এবং তাঁদের মধ্যে প্রায়ই কথা হয়। দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি বিষয়ে আলোচনা সম্পর্কে তিনি বলেন রাষ্ট্রপতি ও তার প্রতিনিধিদল ভারতীয় পক্ষের সঙ্গে এ বিষয়ে গুরুত্ব দিয়ে আলাপ আলোচনা চালাচ্ছেন।

বাইট

------------------

ফিলিপিন্স-এ টাইফুন কালমিগিতে কমপক্ষে ৪০ জন নিহত এবং হাজার হাজার বাড়ি ধ্বংস হয়েছে। মধ্য ফিলিপিন্সের শিবু শহরে টাইফুনের তান্ডবে অধিকাংশ জায়গা জলমগ্ন হওয়ায় সেখানে সর্বাধিক ক্ষয়ক্ষতি হয়েছে।

উত্তর অঞ্চলীয় মিন্ডানাও দ্বীপে একটি উদ্ধারকারী সামরিক হেলিকপ্টার ভেঙে পড়লে ৬ জন কর্মী নিহত হয়েছেন।

গতকাল ভোরে মিন্ডানাও স্থলভূমিতে প্রবেশ করার পর ঝড়ের গতিবেগ কিছুটা কমেছে। তবে, শেষ খবর পাওয়া পর্যন্ত ঘন্টায় ১৩০ কিলোমিটার বেগে বয়ে চলা এই বিধ্বংসী ঝরে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

-----------------

নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৬ তম জন্মজয়ন্তী উদযাপিত হচ্ছে। কার্তিক পূর্ণিমা তিথিতে গুরু নানকের জন্মজয়ন্তী পালিত হয়। দিনটি গুরুপরব হিসেবেও পরিচিত।

গুরু নানকজী আজীবন ভাতৃত্ববোধ ও সদ আচরণের পথ অনুসরণের বাণী প্রচার করে গেছেন ।

(গুরুবাণী)

পাঞ্জাবের অমৃতসরে শ্রী হরিমন্দির সাহিব স্বর্ণমন্দির ফুল দিয়ে সুন্দরভাবে সাজানো হয়েছে। সকাল থেকেই স্বর্ণমন্দিরের সরোবরে পবিত্র স্নানের পর প্রণাম জানাচ্ছেন ভক্তরা। এছাড়াও প্রথম গুরু নানক দেবজি-র ব্যবহৃত পবিত্র জিনিসগুলি আজ শ্রী হরিমন্দির সাহিব, শ্রী অকাল তখত সাহিব এবং বাবা অটল রাই গুরুদুয়ারায় সকাল ৯-টা থেকে বেলা ১২-টা পর্যন্ত প্রদর্শিত হয়।

সন্ধ্যায় পবিত্র ধর্মগ্রন্থ পাঠের পর স্বর্ণমন্দিরে দূষণমুক্ত আতশবাজিরও প্রদর্শন করা হবে।

গুরু নানকের জন্মজয়ন্তী উপলক্ষে সারা দেশের সঙ্গে এরাজ্যেও গুরুদুয়ারাগুলি সাজিয়ে তোলা হয়েছে। ভজন ,কীর্তন পরিবেশনার পাশাপাশি আয়োজন করা হয়েছে লঙ্গরের। শিখ ধর্মাবলম্বী মানুষেরা তাঁর স্মরণে নানা ধর্মীয় আচার অনুষ্ঠান ও সেবামূলক কাজের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করছেন।

রাষ্ট্রতি দ্রৌপদী মুর্মূ এবং প্রধানমন্ত্রী নেরেন্দ্র মোদী গুরুনানকজয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে রাষ্ট্রপতি বলেছেন, গুরুনানকদেবের আদর্শ এবং মূল্যবোধ উন্নত সমাজ গঠনের পথ প্রদর্শক হয়ে উঠেছে। সমৃদ্ধ এবং শক্তিশালী দেশ গঠনের জন্য তাঁর আদর্শ মেনে চলতে সকলের প্রতি আবেদন জানান তিনি। প্রধানমমন্ত্রী তাঁর বার্তায় বলেছেন, গুরু নানক দেবের জীবন এবং তাঁর প্রচারিত বাণী সকলকে অনুপ্রাণিত করছে।

------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ঐতিহাসিক 'বালি যাত্রা' উৎসব এবং 'বৈঠা বন্দনা' উপলক্ষে সমগ্র দেশবাসীকে বিশেষত ওড়িশার মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেন , বালি যাত্রা ওড়িশার বর্ণাঢ্য সামুদ্রিক বাণিজ্যিক এবং সাংস্কৃতিক ঐতিহ্যের পরিচায়ক। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন যে, ঐশ্বর্যশালী অতীতকে মনে করার সঙ্গে প্রত্যেকে একত্রে কাজ করার মধ্য দিয়ে এক উন্নত ভারত গড়ে উঠবে।

উল্লেখ্য, প্রতি বছর কার্তিক পূর্ণিমার দিন ওড়িশার ঐতিহ্যমন্ডিত বালিযাত্রা উৎসব অনুষ্ঠিত হয়। হাজার বছর আগে সে রাজ্যের বণিক ও নাবিকরা নৌযানে ইন্দোনেশিয়ার বালিতে বাণিজ্যিক অভিযানে যেতেন। সেই অভিযানের স্মরণেই বালিযাত্রা অনুষ্ঠিত হয়।

------------------